53

দৈনিক বাংলা

তারিখ ... 07 JUL 1994 ...
পৃষ্ঠা . ৫ কলাম ... ৩ ...

# শিক্ষা উন্নয়ন লটারী চাই

শিক্ষাক্ষেত্রে সাংঘাতিকভাবে পশ্চাৎ-পদ এদেশ। শিক্ষা একটি সামগ্রিক এবং গুরুত্বপূর্ণ বিষয় এর মধ্যেই নিহিত রয়েছে ব্যক্তি মানুষ ও সমষ্টির উন্নয়ন। আর সমষ্টি উন্নয়ন হচ্ছে সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক তথা সামগ্রিক উন্নয়ন। সুতরাং শিক্ষার উন্নয়ন চাই সর্বাগ্রে এবং সর্বতোভাবে। সরকার নানা কর্ম-সূচীর মাধ্যমে শিক্ষাক্ষেত্রে প্রভূত উন্নয়নের প্রচেষ্টা চালাচ্ছেন। কিন্তু জনগণ এতে সম্পৃক্ত হতে পারছে না। যেমনটি সম্ভব হচ্ছে ক্রীড়া উন্নয়নে। ক্রীড়া উন্নয়ন লটারীর টিকেট কিনে ব্যক্তি বিশেষ যেমন উপকৃত হচ্ছে তেমনি ক্রীড়া উন্নয়ন তহবিলে জমা হচ্ছে কোটি কোটি টাকা। কিন্তু আমাদের ভুলে গেলে চলবে না, ক্রীড়া-শিক্ষার পরিপূরক নয় কখনই। সম্পূরক হতে পারে কখনও কখনও। এদেশের ক্রীড়ার ইতিহাস ঠিক "যদি লাইগ্যা যায়' এর মতো। কিন্তু কোন দিন লাগেনি। এবং মনে হয় কোনদিন লাগবেও না সুতরাং কোটি কোটি টাকা অনুৎ-পাদনশীল খাতে ব্যয় না করে তার বদলে শিক্ষা উন্নয়নের জন্য লটারী প্রবর্তন করা যায় না কি? আমি মনে করি তা করা যায় এবং চাই তাই করা হোক। এবং সে লটারী অর্জিত অর্থ যুগোপযোগী ও বাস্তবসম্মত শিক্ষাখাতে ব্যয় করার প্রেক্ষিতে পরিকল্পনা করা হোক। আশা করি বিষয়টি সংশ্লিষ্ট বিভাগ ও মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি গোচর হবে।

শিউলী
একাদশ (বিজ্ঞান বিভাগ)
রাজশাহী কলেজ, রাজশাহী।